দৈনিক জনকণ্ঠ

250

তারিখ ... AUG. 8 ..1999 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ... ৪ ......

# ঢাকা ভার্সিটির অনার্স ফাইনালের প্রশ্নপত্র ফাঁস ॥ পরীক্ষা বন্ধ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃ-বিজ্ঞান বিভাগের অনার্স ফাইনাল পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। বিভাগীয় কর্তৃপক্ষ শনিবার পরীক্ষার হলে প্রশ্নপত্র ফাঁসের ঘটনার পরিপ্রেক্ষিতে তাৎক্ষণিক সিদ্ধান্ত নিয়ে পরীক্ষা বন্ধ করে দিয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উপ-উপাচার্য অধ্যাপক শাহাদত আলীকে আহ্বায়ক করে চার সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে। কমিটির অন্য সদস্যরা হচ্ছেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক আসাদুজ্জামান, সিন্ডিকেট সদস্য অধ্যাপক কাজী শহীদুল্লাহ, পরীক্ষা নিয়ন্ত্রক হাবিবুর রহমান,

উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী বলেছেন 'তদন্ত কমিটি রিপোর্টের ভিত্তিতে প্রকৃত দোষীদের অবশ্যই বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী শাস্তি ভোগ করতে হবে।'